# ২৫তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০০৪

পরীক্ষার তারিখ : ০৩.০৯.২০০৪; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; কোড : গোলাপ; সেট নম্বর : ১

১. বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ কে রচনা করেন?
ⓚ সুকুমার সেন ⓚh দীনেশচন্দ্র সেন
ⓖ মুহম্মদ শহীদুল্লাহ ⓖh অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

(ব্যাখ্যা) *বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক দীনেশচন্দ্র সেন (১৮৬৬-১৯৩৯ খ্রি) ১৮৯৬ সালে 'বঙ্গভাষা ও সাহিত্য' নামে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের সুশৃঙ্খল ও তথ্যসমৃদ্ধ ধারাবাহিক ইতিবৃত্তমূলক এ গ্রন্থটি রচনা করেন। আর এটিই বাংলা সাহিত্যের প্রথম যথার্থ ইতিহাস গ্রন্থ হিসেবে স্বীকৃত। অন্যদিকে ড. সুকুমার সেন, ড. মুহম্মদ শহীদুল্লাহ এবং অসিতকুমার বন্দ্যোপাধ্যায় রচিত ইতিহাস বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থগুলো হলো যথাক্রমে 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' (১৯৪০), 'বাংলা ভাষার ইতিবৃত্ত' (১৯৫৯) এবং 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত' (১ম খণ্ড) (১৯৫৯)।*

২. **'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?**
ⓚ প্যারীচাঁদ মিত্র ⓚh বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓖh প্রমথ চৌধুরী

(ব্যাখ্যা) *১৮৭২ সালে বাংলা উপন্যাস সাহিত্যের স্থপতি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪ খ্রি) প্রথম 'বঙ্গদর্শন' পত্রিকাটি প্রকাশ করেন এবং তিনিই এ পত্রিকার প্রথম সম্পাদক।*

৩. **কোন কবিতা রচনার জন্য কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্য নিষিদ্ধ হয়?**
ⓚ বিদ্রোহী ⓚh আনন্দময়ীর আগমনে
ⓖ প্রলয়োল্লাস ⓖh রক্তাম্বরধারিনী মা

[Note : *বিদ্রোহী কবি নজরুল ইসলামের বিখ্যাত কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা'তে প্রলয়োল্লাস, বিদ্রোহী এবং রক্তাম্বরধারিণী মা কবিতা তিনটি অন্তর্ভুক্ত। ধূমকেতুর ২৬ সেপ্টেম্বর ১৯২২ সংখ্যায় নজরুলের রাজনৈতিক কবিতা 'আনন্দময়ীর আগমনে' প্রকাশ হলে ৮ নভেম্বর পত্রিকার ঐ সংখ্যা নিষিদ্ধ করা হয় এবং কবিতা রচনার জন্য ব্রিটিশ সরকার কর্তৃক ১ বছর কারাদণ্ড দণ্ডিত হন। উল্লেখ্য, অনেকে লিখে থাকেন 'অগ্নিবীণা' ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল। এ তথ্য সত্য নয়। গ্রন্থটি কোনোদিন নিষিদ্ধ হয়নি।*]

৪. **'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের নায়িকা?**
ⓚ সমাপ্তি ⓚh দেনা-পাওনা
ⓖ পোস্ট-মাস্টার ⓖh মধ্যবর্তিনী

(ব্যাখ্যা) *রবীন্দ্রনাথ ঠাকুরের 'সমাপ্তি' ছোটগল্পের নায়িকা 'মৃন্ময়ী' এবং নায়ক 'অপূর্বকৃষ্ণ'। অন্যদিকে তার 'দেনাপাওনা' ছোটগল্পের নায়িকা 'নিরু', 'পোস্টমাস্টার' গল্পের বালিকা চরিত্র 'রতন' এবং 'মধ্যবর্তিনী' গল্পের নায়িকা 'হরসুন্দরী' ও 'শৈলবালা' এবং নায়ক 'নিবারণ'।*

৫. **'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?**
ⓚ শওকত ওসমান ⓚh জহির রায়হান
ⓖ শহীদুল্লাহ কায়সার ⓖh রশীদ করিম

(ব্যাখ্যা) *রশীদ করিমের একটি অন্যতম উপন্যাস হলো 'উত্তম পুরুষ'। ১৯৬১ সালে প্রকাশিত এ উপন্যাসটি নগরজীবনের বৈশিষ্ট্য অবলম্বনে রচিত। তার অন্যান্য উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে— প্রসন্ন পাষাণ (১৯৬৩), আমার যত গ্লানি (১৯৭৩), মায়ের কাছে যাচ্ছি ইত্যাদি। শওকত ওসমান রচিত উল্লেখযোগ্য উপন্যাস— জননী (১৯৬৮), ক্রীতদাসের হাসি (১৯৬২), জাহান্নাম হইতে বিদায় (১৯৭১) ইত্যাদি। জহির রায়হান রচিত উল্লেখযোগ্য উপন্যাস— হাজার বছর ধরে (১৯৬৪), আরেক ফাল্গুন (১৯৬৮), বরফ গলা নদী (১৯৬৯) ইত্যাদি। শহীদুল্লাহ কায়সার রচিত উল্লেখযোগ্য উপন্যাস— সারেং বউ (১৯৬২) ও সংশপ্তক (১৯৬৫)।*

৬. **'কাশবনের কন্যা' কোন জাতীয় রচনা?**
ⓚ নাটক ⓚh উপন্যাস
ⓖ কাব্য ⓖh ছোটগল্প

(ব্যাখ্যা) *ঔপন্যাসিক শামসুদ্দীন আবুল কালাম রচিত অন্যতম উপন্যাস 'কাশবনের কন্যা'। এটি জেলে সম্প্রদায়ের জীবনভিত্তিক উপন্যাস। ১৯৫৪ সালে প্রকাশিত (গ্রন্থাকারে) উপন্যাসটিতে বরিশাল অঞ্চলের মুখের ভাষা ও জীবনবোধ অত্যন্ত সুন্দরভাবে ফুটিয়ে তোলা হয়েছে।*

৭. **কোনটি মুহম্মদ এনামুল হকের রচনা?**
ⓚ ভাষার ইতিবৃত্ত ⓚh আধুনিক ভাষাতত্ত্ব
ⓖ মনীষা মঞ্জুষা
ⓖh বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান

(ব্যাখ্যা) *'মনীষা মঞ্জুষা' বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক মুহম্মদ এনামুল হক (১৯০৬-১৯৮২ খ্রি) রচিত এক সংকলন গ্রন্থ। দু খণ্ডের এ গ্রন্থের প্রথম খণ্ড ১৯৭৫ সালে এবং দ্বিতীয় খণ্ড ১৯৭৬ সালে প্রকাশিত হয়। 'আধুনিক ভাষাতত্ত্ব' গবেষণা গ্রন্থটি রচনা করেন আবুল কালাম মনজুর মোরশেদ। 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' গ্রন্থটি সম্পাদনা করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ। উল্লেখ্য, ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত আরেকটি ভাষাতত্ত্ব হলো 'বাংলা ভাষার ইতিবৃত্ত'।*

৮. **বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক কে?**
ⓚ মাইকেল মধুসূদন দত্ত ⓚh রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ দেবেন্দ্রনাথ সেন ⓖh মোহিতলাল মজুমদার

(ব্যাখ্যা) *ইতালীয় সনেটো শব্দটি থেকে সনেট শব্দের উৎপত্তি। Sonnetto শব্দের অর্থ গীতি স্পন্দিত মৃদু ধ্বনি। বাংলা সনেট হলো গীতিকবিতার একটি শাখা। যে কবিতায় কবি হৃদয়ের একটিমাত্র ভাব বা অনুভূতি অখণ্ড থেকে চতুর্দশ অক্ষর ও চতুর্দশ চরণ দ্বারা একটি বিশেষ পদের মধ্য দিয়ে কবিতা হিসেবে আত্মপ্রকাশ লাভ করে তাকে চতুর্দশপদী কবিতা বা সনেট বলে। ইতালীয় রেনেসাঁর*

উত্তর

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | খ |
| ৩ Note | |
| ৪ | ক |
| ৫ | ঘ |
| ৬ | খ |
| ৭ | গ |
| ৮ | ক |


VisionApps10

সন্ধিক্ষণে চতুর্দশ শতকে কবি পেত্রার্ক (Petrach) সনেটের উদ্ভাবক। বাংলা সাহিত্যাঙ্গনে বাংলায় সনেট রচনা শুরু করেন মাইকেল মধুসূদন দত্ত এবং তার হাতেই এসেছে সনেট রচনার যুগান্তর সাফল্য। এ কারণেই তাকে বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক বলা হয়। ১৮৬০ সালে তিনি সনেট রচনার পরিকল্পনা গ্রহণ করলেও ১৮৬৫ সালে ফ্রান্সের ভার্সাই নগরীতে অবস্থানকালেই প্রথম বাংলা সনেট রচনা করেন। তার রচিত ১০২টি সনেটের সমন্বয়ে ১৮৬৬ সালের ১ আগস্ট 'চতুর্দশপদী কবিতাবলী' প্রকাশিত হয়। তিনি বাংলা সনেট ছাড়াও বেশ কয়েকটি ইংরেজি সনেটও রচনা করেন। পরবর্তী সময়ে বাংলা সনেট রচনায় দেবেন্দ্রনাথ সেন, মোহিতলাল মজুমদার, রবীন্দ্রনাথ ঠাকুরসহ আরো অনেকে সার্থকতার স্বাক্ষর রাখেন।

**৯. জসীমউদ্‌দীনের 'কবর' কবিতা কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?**

ⓚ তত্ত্ববোধিনী পত্রিকা ⓚ ধূমকেতু
ⓖ কল্লোল ⓖ কালি ও কলম

(ব্যাখ্যা) পল্লীকবি জসীমউদ্‌দীনের (১৯০৩-১৯৭৬ খ্রি) একটি বিখ্যাত কবিতা 'কবর' প্রথম প্রকাশিত হয় 'কল্লোল' পত্রিকার ১৩৩২ বঙ্গাব্দের শ্রাবণ সংখ্যায়। কবিতাটি তার প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' (১৯২৭)তে অন্তর্ভুক্ত হয়। তিনি যখন দশম শ্রেণীর ছাত্র ছিলেন তখন এ কবিতাটি রচনা করেছিলেন।

**১০. 'ক্ষীয়মাণ'-এর বিপরীত শব্দ কি?**

ⓚ বৃহৎ ⓚ বর্ধিষ্ণু
ⓖ বর্ধমান ⓖ বৃদ্ধিপ্রাপ্ত

(ব্যাখ্যা) 'ক্ষীয়মাণ' শব্দটি বিশেষ্য পদ, যার অর্থ ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন। এর বিপরীতার্থক শব্দ হলো বর্ধমান। অন্যদিকে 'বৃহৎ' শব্দটির বিপরীতার্থক শব্দ ক্ষুদ্র; 'বর্ধিষ্ণু' শব্দটির বিপরীতার্থক শব্দ ক্ষয়িষ্ণু বা হ্রাসপ্রাপ্ত এবং 'বৃদ্ধিপ্রাপ্ত' শব্দটির বিপরীতার্থক শব্দ হ্রাসপ্রাপ্ত।

**১১. 'নষ্ট হওয়ার স্বভাব যার' এক কথায় হবে–**

ⓚ নিদাঘ ⓚ নশ্বর
ⓖ নষ্টমান ⓖ বিনশ্বর

(ব্যাখ্যা) 'নষ্ট হওয়ার স্বভাব যার'-এর এককথায় প্রকাশ হবে নশ্বর। নশ্বর-এর অপর অর্থ হলো নাশশীল, অনিত্য বা অস্থায়ী। অন্যদিকে নিদাঘ অর্থ গ্রীষ্মকাল বা উত্তাপ, নষ্টমান অর্থ নষ্ট হয়ে যাচ্ছে যা এবং বিনশ্বর অর্থ বিনাশধর্মী বা অনিত্য।

**১২. যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে বলে?**

ⓚ দ্বন্দ্ব সমাস ⓚ রূপক সমাস
ⓖ বহুব্রীহি সমাস ⓖ দ্বিগু সমাস

(ব্যাখ্যা) যে সমাসে সমাহার অর্থাৎ সমষ্টি অর্থে সংখ্যাবাচক পূর্বপদের সাথে উত্তরপদের সমাস হয় এবং উত্তরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে দ্বিগু সমাস বলে। যেমন— সে (তিন) তারের সমাহার = সেতার।

**১৩. কোন বাক্যটি শুদ্ধ?**

ⓚ তাহার জীবন সংশয়পূর্ন ⓚ তাহার জীবন সংশয়ময়
ⓖ তাহার জীবন সংশয়াপূর্ণ ⓖ তাহার জীবন সংশয়ভরা

(ব্যাখ্যা) 'সংশয়' শব্দটি একটি বিশেষ্যপদ, যার বিশেষণ হলো 'সংশয়াপূর্ণ'। সংশয়াপূর্ণ শব্দটির অর্থ সন্দেহপূর্ণ বা দ্বিধাপূর্ণ। উপরিউক্ত বাক্যে 'তাহার জীবন সংশয়াপূর্ণ' দ্বারা গভীর অনিশ্চয়তা প্রকাশ করা হয়েছে।

**১৪. 'চাঁদমুখ'-এর ব্যাসবাক্য হলো–**

ⓚ চাঁদমুখের ন্যায় ⓚ চাঁদের মত মুখ
ⓖ চাঁদ মুখ যার ⓖ চাঁদরূপ মুখ

(ব্যাখ্যা) সাধারণ গুণের উল্লেখ ব্যতীত উপমেয়র সাথে উপমান পদের যে সমাস হয়, তাকে বলে উপমিত কর্মধারয় সমাস। 'চাঁদমুখ'-এর ব্যাসবাক্য হলো 'মুখ চাঁদের ন্যায়।' এটি উপমিত কর্মধারয় সমাসের অন্তর্গত।

**১৫. 'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা'–এই বাক্যে 'ঔষধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?**

ⓚ কর্ম কারকে শূন্য ⓚ সম্প্রদানে সপ্তমী
ⓖ অধিকরণে শূন্য ⓖ কর্তৃকারকে শূন্য

(ব্যাখ্যা) কর্তা যা করে বা যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তাকে কর্মকারক বলে। যেমন—তুমি বই পড়; এখানে 'বই' কর্মকারক। যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দান করা হয় তাকে সম্প্রদান কারক বলে। যেমন—দরিদ্রকে ধন দাও। ক্রিয়ার সময়, বিষয় ও স্থানকে অধিকরণ কারক বলে। যেমন—প্রভাতে সূর্য উদিত হয়। আবার যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পাদন করে তাকে কর্তা বা কর্তৃকারক বলে। যেমন—শিশুরা খেলা করছে। সুতরাং প্রশ্নে 'ঔষধ' কর্মকে কেন্দ্র করে দেয়া ক্রিয়াটি সম্পন্ন হওয়ায় 'ঔষধ' শব্দটি কর্মকারক (শূন্য বিভক্তি)।

**১৬. 'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' কোন ধরনের বাক্য?**

ⓚ সরল ⓚ জটিল
ⓖ যৌগিক ⓖ অনুজ্ঞামূলক

(ব্যাখ্যা) দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, সুতরাং, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে, তখন তাকে যৌগিক বাক্য বলে। উল্লেখ্য, যৌগিক বাক্যে দুটি স্বাধীন বাক্য থাকে। যেমন– তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি। অতএব উপরিউক্ত বাক্যটি একটি যৌগিক বাক্য।

**১৭. 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা' রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?**

ⓚ বলাকা ⓚ সোনারতরী
ⓖ চিত্রা ⓖ পুনশ্চ

(ব্যাখ্যা) প্রদত্ত পংক্তিটি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের (১৮৬১-১৯৪১ খ্রি) 'বলাকা' কাব্যগ্রন্থের 'বলাকা' নামক কবিতার প্রথম পঙ্ক্তি। বলাকা কাব্যগ্রন্থটি প্রকাশিত হয় ১৯১৫ সালে।

**১৮. বাংলা ছন্দ কত রকমের?**

ⓚ এক রকমের ⓚ দু রকমের
ⓖ তিন রকমের ⓖ চার রকমের

উত্তর

| | |
|---|---|
| ৯ | গ |
| ১০ | গ |
| ১১ | খ |
| ১২ | ঘ |
| ১৩ | গ |
| ১৪ | খ |
| ১৫ | ক |
| ১৬ | খ |
| ১৭ | ক |
| ১৮ | গ |

(ব্যাখ্যা) বাক্য পরম্পরায় ভাষাগত ধ্বনি প্রবাহের সুসামঞ্জস্য, সঙ্গীত-মধুর ও তরঙ্গ-ঝঙ্কৃত ভঙ্গি রচনা করা হয় যে পরিমিত পদবিন্যাস রীতিতে তাকেই বলে ছন্দ। বাংলাছন্দকে প্রধানত তিন ভাগে ভাগ করা হয়— মাত্রাবৃত্ত ছন্দ (Moric Metre), স্বরবৃত্ত ছন্দ (Stressed Metre) এবং অক্ষরবৃত্ত ছন্দ (Mixed or composite Metre)।

**১৯. কোনটি শুদ্ধ বানান?**

ক) দন্দ  খ) দ্বন্দ
গ) দ্বন্দ্ব  ঘ) দন্ধ

(ব্যাখ্যা) 'দ্বন্দ্ব' শব্দটি একটি বিশেষ্য পদ, যার অর্থ ঝগড়া, বিবাদ, যুদ্ধ ইত্যাদি। শব্দটির বিশ্লেষণকৃত রূপ হলো— দ্বি + দ্বি।

**২০. 'অমিত্রাক্ষর' ছন্দের বৈশিষ্ট্য হলো–**

ক) অন্ত্যমিল আছে  খ) অন্ত্যমিল নেই
গ) চরণের প্রথমে মিল থাকে  ঘ) বিশ মাত্রার পর্ব থাকে

(ব্যাখ্যা) 'অমিত্রাক্ষর ছন্দ' হলো অন্ত্যমিলনহীন এবং যতির বাধাধরা নিয়ম লঙ্ঘনকারী ছন্দবিশেষ। এর ইংরেজি পরিভাষা Blank verse। অমিত্রাক্ষরে ভাবের প্রবহমানতা নেই এবং ১৪ মাত্রার চরণ থাকে এবং চরণ শেষে অন্ত্যমিল থাকে না।

**২১. পুনর্ভবা, নাগর ও টাঙ্গন কোন নদীর উপনদী?**

ক) মহানন্দা  খ) ভৈরব
গ) কুমার  ঘ) বড়াল

(ব্যাখ্যা) পুনর্ভবা, নাগর ও টাঙ্গন নদী মহানন্দার উপনদী। অন্যদিকে ভৈরব, কুমার ও বড়াল নদী পদ্মার শাখা নদী।

**২২. প্রাচীন 'পুণ্ড্রনগর' কোথায় অবস্থিত?**

ক) ময়নামতি  খ) বিক্রমপুর
গ) মহাস্থানগড়  ঘ) পাহাড়পুর

(ব্যাখ্যা) বগুড়ার মহাস্থানগড়ে বাংলাদেশের সর্বপ্রাচীন বৃহৎ নগর পুণ্ড্রনগরের ধ্বংসাবশেষ বিদ্যমান। ১৮৭৯ সালে প্রত্নতত্ত্ববিদ স্যার আলেকজান্ডার কানিংহাম এ নগর সভ্যতার ধ্বংসাবশেষ শনাক্ত করেন। এখানে প্রাপ্ত ব্রাহ্মী লিপিতে উৎকীর্ণ শিলালিপি থেকে এ সভ্যতার সত্যতা প্রমাণিত হয়। অন্যদিকে, কুমিল্লা জেলার অদূরে অবস্থিত একটি ঐতিহাসিক স্থান ময়নামতি। আর ভারতীয় উপমহাদেশের সবচেয়ে বিশালায়তনের প্রত্নতাত্ত্বিক নিদর্শন হলো পাহাড়পুর (সোমপুর বিহার)। নওগাঁ জেলায় অবস্থিত এই বিহার বাংলাদেশের বৌদ্ধ ও হিন্দু সংস্কৃতির এক আকর্ষণীয় নিদর্শন।

**২৩. উপমহাদেশীয়দের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর —**

ক) ড. রমেশচন্দ্র মজুমদার  খ) ড. মাহমুদ হাসান
গ) ড. সৈয়দ মোয়াজ্জেম হোসেন  ঘ) স্যার এ এফ রহমান

(ব্যাখ্যা) উপমহাদেশীয়দের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর ছিলেন স্যার আহমদ ফজলুর (এ এফ) রহমান (১৮৮৯-১৯৪৫)। ১৯৩৪ থেকে ১৯৩৬ সাল পর্যন্ত তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন।

**২৪. প্রধান নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত?**

ক) ৪ বছর  খ) ৫ বছর
গ) ৩ বছর  ঘ) ৭ বছর

(ব্যাখ্যা) প্রধান নির্বাচন কমিশনার একটি সাংবিধানিক পদ। বাংলাদেশ সংবিধানের ১১৮ থেকে ১২৬ অনুচ্ছেদ পর্যন্ত নির্বাচন কমিশন সংক্রান্ত আলোচনা করা হয়েছে। সংবিধানের ১১৮(৩) অনুচ্ছেদে বলা হয়েছে, "এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে কোন নির্বাচন কমিশনারের পদের মেয়াদ তাঁহার কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরকাল হইবে।"

**২৫. সার্কভুক্ত কোন দেশের দূতাবাস বাংলাদেশে নেই?**

ক) মালদ্বীপ  খ) শ্রীলংকা
গ) নেপাল  ঘ) ভুটান

[Note : সার্কভুক্ত সকল দেশের দূতাবাস বাংলাদেশে রয়েছে। উল্লেখ্য, ১ এপ্রিল ২০০৮ মালদ্বীপের দূতাবাস বাংলাদেশে চালু হলেও পরবর্তীতে ২০১৪ সালের ৩১ মার্চ আবার বন্ধ করে দেয়া হয়। পুনরায় ১ জানুয়ারি ২০১৫ মালদ্বীপ তাদের দূতাবাস বাংলাদেশে চালু করে। সার্কভুক্ত দেশগুলো হলো– বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ ও আফগানিস্তান।]

**২৬. কোন বাংলাদেশী উপজাতির পারিবারিক কাঠামো পিতৃতান্ত্রিক?**

ক) মারমা  খ) খাসিয়া
গ) সাঁওতাল  ঘ) গারো

(ব্যাখ্যা) মারমা ও সাঁওতাল উভয়ই পিতৃতান্ত্রিক। খাসিয়া ও গারো উপজাতির পারিবারিক কাঠামো মাতৃতান্ত্রিক। বাংলাদেশে বসবাসরত ৪৫টি উপজাতির মধ্যে গারো ও খাসিয়া ব্যতীত সকল উপজাতির পারিবারিক কাঠামো পিতৃতান্ত্রিক।

**২৭. নিচের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন?**

ক) ফা-হিয়েন  খ) ইবনে বতুতা
গ) মার্কো পোলো  ঘ) হিউয়েন সাং

(ব্যাখ্যা) জগদ্বিখ্যাত পর্যটক ইবনে বতুতা (১৩০৪-১৩৭৮ খ্রি) ছিলেন মরক্কোর অধিবাসী। ইবনে বতুতা সোনারগাঁওয়ে আসেন ১৩৪৬ সালে। মধ্যযুগের আর যেসব বিখ্যাত পরিব্রাজক সোনারগাঁও পরিভ্রমণ করেন, তারা হচ্ছেন চীনের মা হুয়ান ১৪০৬ সালে এবং হৌ হিয়েন ১৪১৫ সালে। অন্যদিকে ফা-হিয়েন (আনুমানিক ৩৫৮-৪৩৫ খ্রি) ভারত পরিভ্রমণকারী চীনদেশীয় বৌদ্ধ ভিক্ষু ও পণ্ডিত। মার্কো পোলো (১২৫৪-১৩২৪ খ্রি.) মধ্যযুগের ইউরোপীয় ভূ-পর্যটকদের একজন। তার বর্ণনাকৃত ভ্রমণবৃত্তান্ত থেকেই ইউরোপবাসী চীন, তিব্বত, ভারত, সিংহল, ব্রহ্মদেশ ও শ্যামদেশসহ এশিয়ার বিভিন্ন অঞ্চলের জীবনযাপন সম্পর্কে প্রথম জানতে পারে। আর

উত্তর

| | |
|---|---|
| ১৯ | গ |
| ২০ | খ |
| ২১ | ক |
| ২২ | গ |
| ২৩ | ঘ |
| ২৪ | খ |
| ২৫ | Note |
| ২৬ | ক, গ |
| ২৭ | খ |

*হিউয়েন সাং (৬০২-৬৬৪ খ্রি.) হলেন ভারত পরিভ্রমণকারী প্রাচীন চীন দেশীয় বৌদ্ধ ভিক্ষু ও পণ্ডিত। তিনি ভারতে এসে গান্ধার, তক্ষশীলা, কাশ্মীর, মথুরা, অযোধ্যা, নেপাল ইত্যাদি বৌদ্ধ শাস্ত্রচর্চাকেন্দ্র ও বুদ্ধের স্মৃতি বিজড়িত তীর্থস্থানসমূহ পরিদর্শন করেন।*

**২৮. বাংলাদেশে বর্তমানে কয় স্তরবিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থা চালু আছে?**

ⓚ ৩ ⓚ ৪
ⓖ ৫ ⓖ ৬

(ব্যাখ্যা) *বাংলাদেশে বর্তমানে গ্রামাঞ্চলে তিন স্তরবিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থা চালু আছে— প্রথম স্তর : ইউনিয়ন পরিষদ, দ্বিতীয় স্তর উপজেলা পরিষদ ও তৃতীয় স্তর : জেলা পরিষদ। আর শহরাঞ্চলে রয়েছে দুই স্তরবিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থা— প্রথম স্তর পৌরসভা, দ্বিতীয় স্তর : সিটি কর্পোরেশন।*

**২৯. বাংলাদেশের অষ্টম জাতীয় সংসদে কোন সদস্য নিজেই নিজের কাছে সংসদ সদস্য হিসেবে শপথ নেন?**

ⓚ বেগম খালেদা জিয়া ⓚ শেখ হাসিনা
ⓖ জমির উদ্দীন সরকার ⓖ আবদুল হামিদ

(ব্যাখ্যা) *বাংলাদেশ জাতীয় সংসদ সদস্যদের শপথনামা সংবিধানের 'তৃতীয় তফসিল'-এ লিপিবদ্ধ রয়েছে। সে অনুযায়ী প্রত্যেক নির্বাচিত ব্যক্তি বিদায়ী স্পিকার বা তার অনুপস্থিতিতে ডেপুটি স্পিকারের সামনে শপথ গ্রহণ এবং শপথ নামায় স্বাক্ষর করেন। অষ্টম সংসদে নির্বাচিত সংসদ সদস্য আবদুল হামিদ এডভোকেট নিজেই নিজের কাছে শপথ গ্রহণ করেন, যেহেতু তিনি নিজেই বিদায়ী স্পিকার।*

**৩০. বাংলাদেশ কোন সনে CTBT অনুমোদন করে?**

ⓚ ১৯৯৯ ⓚ ২০০০
ⓖ ২০০১ ⓖ ২০০২

(ব্যাখ্যা) *CTBT— Comprehensive Test Ban Treaty বা পারমাণবিক অস্ত্র পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি। এ চুক্তির মাধ্যমে পারমাণবিক অস্ত্রের পরীক্ষামূলক বিস্ফোরণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সিটিবিটি স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয় ১৯৯৬ সালের ২৪ সেপ্টেম্বর। বাংলাদেশ ১৯৯৬ সালের ২৪ অক্টোবর ১২৯তম দেশ হিসেবে সিটিবিটিতে স্বাক্ষর করে। স্বাক্ষরের পর এটি র‍্যাটিফাই বা অনুসমর্থনের প্রয়োজন হয়। বাংলাদেশ ২০০০ সালের ৮ মার্চ ২৮তম ও দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে এটি অনুমোদন করে।*

**৩১. সদ্য ঘোষিত তিতাস উপজেলা কোন জেলায় অবস্থিত?**

ⓚ নোয়াখালী ⓚ কুমিল্লা
ⓖ রংপুর ⓖ সিলেট

(ব্যাখ্যা) *তিতাস উপজেলা দেশের ৪৭০তম উপজেলা। এটি কুমিল্লা জেলার অন্তর্ভুক্ত। বর্তমানে দেশে মোট উপজেলার সংখ্যা ৪৯২টি। সর্বশেষ ৪৯২তম উপজেলা হলো হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ।*

**৩২. বাংলাদেশ জাতীয় সংসদে কোরাম হয় কত সদস্যের উপস্থিতিতে?**

ⓚ ৫৭ জন ⓚ ৬০ জন
ⓖ ৬২ জন ⓖ ৬৫ জন

(ব্যাখ্যা) *সংবিধানের ৭৫(২) অনুচ্ছেদে বলা হয়েছে, "সংসদের বৈঠক চলাকালে কোন সময়ে উপস্থিত সদস্য সংখ্যা ষাটের কম বলিয়া যদি সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়, তাহা হইলে তিনি অন্যূন ষাট জন সদস্য উপস্থিত না হওয়া পর্যন্ত বৈঠক স্থগিত রাখিবেন কিংবা মুলতবী করিবেন।" সুতরাং বাংলাদেশ জাতীয় সংসদে কোরাম হয় ন্যূনতম ৬০ জন সংসদ সদস্যের উপস্থিতিতে।*

**৩৩. বাংলাদেশের একমাত্র কিশোরী সংশোধন প্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত?**

ⓚ টঙ্গি ⓚ কোনাবাড়ি
ⓖ যশোর ⓖ গাজীপুর

(ব্যাখ্যা) *১০ ডিসেম্বর ২০০২ তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গাজীপুরের কোনাবাড়িতে কিশোরী সংশোধন কেন্দ্রের উদ্বোধন করেন। বাংলাদেশে কিশোর ও কিশোরী উন্নয়ন কেন্দ্র রয়েছে ৩টি। এর মধ্যে ২টি কিশোর ও ১টি কিশোরীদের জন্য। কিশোর উন্নয়ন কেন্দ্র দুটি গাজীপুরের টঙ্গী ও যশোরের পুলেরহাটে অবস্থিত। গাজীপুরে অবস্থিত উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে– বাংলাদেশ ধান গবেষণা কেন্দ্র (BRRI) (জয়দেবপুর), বাংলাদেশ কৃষি গবেষণা কেন্দ্র (BARI) (জয়দেবপুর), সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লি., মেশিন টুলস ফ্যাক্টরি, সমরাস্ত্র কারখানা ইত্যাদি।*

**৩৪. বাঙ্গালী ও যমুনা নদীর সংযোগ কোথায়?**

ⓚ রাজশাহী ⓚ পাবনা
ⓖ বগুড়া ⓖ সিরাজগঞ্জ

(ব্যাখ্যা) *রংপুর জেলার ঘাঘট নদীর অব্যাহত প্রবাহটি বগুড়ায় এসে বাঙ্গালী নাম ধারণ করেছে।*

**৩৫. 'সাবমেরিন কেবল' প্রকল্পটি কোন মন্ত্রণালয়ের কার্যক্রম?**

ⓚ অর্থ ⓚ ডাক ও টেলিযোগাযোগ
ⓖ বিজ্ঞান ও প্রযুক্তি ⓖ পররাষ্ট্র

(ব্যাখ্যা) *২০০১ সালের ১৬ আগস্ট বাংলাদেশ টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড সাবমেরিন ক্যাবলের ওপর একটি খসড়া রিপোর্ট ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে উপস্থাপন করে। সে আলোকে ২০০২ সালে ইসলামী উন্নয়ন ব্যাংক অর্থায়নে সম্মত হয়। ২০০৫ সালে প্রকল্প বাস্তবায়িত হয় এবং ৩৫ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে মধ্যপ্রাচ্যের সাথে ইউরোপভুক্ত ১৪টি দেশ এবং ১৬টি সংস্থা SEA-ME-WE-4 নামের ২২ হাজার কিলোমিটার বিস্তৃত অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের সাথে যুক্ত হয় বাংলাদেশ। উল্লেখ্য, বাংলাদেশ এ প্রকল্প সংক্রান্ত চুক্তিতে স্বাক্ষর করে ২৭ মার্চ ২০০৪ এবং ২১ মে ২০০৬ কক্সবাজারের ঝিলংজায় ল্যান্ডিং স্টেশন উদ্বোধনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে এ তথ্যপ্রযুক্তি মহাসড়কে যুক্ত হয়। ১ জুলাই ২০০৮ গঠিত হয় বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লি. (BSCCL)।*

উত্তর

| | |
|---|---|
| ২৮ | ক |
| ২৯ | ঘ |
| ৩০ | খ |
| ৩১ | খ |
| ৩২ | খ |
| ৩৩ | খ |
| ৩৪ | গ |
| ৩৫ | খ |

৩৬. ২০০৪ সালে সর্বপ্রথম কোন দেশের রাষ্ট্রপ্রধান বাংলাদেশ সফর করেন?
ⓚ থাইল্যান্ড ⓚ মিয়ানমার
ⓖ ভিয়েতনাম ⓖ ভুটান

(ব্যাখ্যা) *ভিয়েতনামের তৎকালীন রাষ্ট্রপ্রধান ট্রান দুক লুয়ং ২০০৪ সালে প্রথম (২২-২৪ মার্চ) বাংলাদেশ সফর করেন। ১৪ অক্টোবর ২০১৬ চীনের প্রেসিডেন্ট সি চিন পিং দুদিনের সফরে বাংলাদেশে আসেন।*

৩৭. মূল্য সংযোজন কর বাংলাদেশে কখন থেকে চালু করা হয়?
ⓚ ১ জুলাই, ১৯৯১ ⓚ ১ জুলাই, ১৯৯৩
ⓖ ১ জুলাই, ১৯৯৫ ⓖ ১ জানুয়ারি, ১৯৯৬

(ব্যাখ্যা) *ভ্যাট বা Value Added Tax-এর বাংলারূপ হলো মূল্য সংযোজন কর। ১৯৯১ সালের অর্থ আইন দ্বারা বাংলাদেশে মূল্য সংযোজন কর ব্যবস্থা প্রবর্তন করা হয়। ১ জুলাই ১৯৯১ থেকে এ কর ব্যবস্থা কার্যকর হয়।*

৩৮. বাংলাদেশ উন্নয়ন ফোরামের সমন্বয়কারী কোন সংস্থা?
ⓚ জাইকা ⓚ ইউএনডিপি
ⓖ বিশ্বব্যাংক ⓖ আইএমএফ

(ব্যাখ্যা) *২০১৮ সালের ১৭-১৮ জানুয়ারি বাংলাদেশ উন্নয়ন ফোরামের সর্বশেষ বৈঠক অনুষ্ঠিত হয় ঢাকায়। এ সম্মেলনে বিশ্বব্যাংক, জাইকা, ইউএনডিপি ও আইএমএফসহ কতিপয় উন্নয়ন সহযোগী সংস্থা অংশগ্রহণ করে। তবে প্রধান সমন্বয়কারী বিশ্বব্যাংক।*

৩৯. কর্ণফুলী নদীর উৎস ভারতের কোন রাজ্যে?
ⓚ ত্রিপুরা ⓚ মিজোরাম
ⓖ মনিপুর ⓖ মেঘালয়

(ব্যাখ্যা) *কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়ের লংলেহতে। এটি রাঙামাটি এবং বন্দরনগরী চট্টগ্রামের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে পতেঙ্গার সন্নিকটে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।*

৪০. ক্রিকেটে বাংলাদেশ কোন সালে টেস্ট মর্যাদা লাভ করে?
ⓚ ২০০০ ⓚ ২০০১
ⓖ ১৯৯৯ ⓖ ১৯৯৮

(ব্যাখ্যা) *২০০০ সালের জুন মাসে অনুষ্ঠিত আইসিসির সভায় বাংলাদেশকে টেস্ট সদস্যপদ প্রদানের ব্যাপারে আলোচনা করা হয় এবং ২৬ জুন ইংল্যান্ডের লর্ডসে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে পূর্ণ সদস্যপদ প্রদান করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ একদিনের আন্তর্জাতিক ক্রিকেট খেলার মর্যাদা লাভ করে ১৯৯৭ সালের ১৫ জুন।*

৪১. $\sqrt{২}$ সংখ্যাটি কি সংখ্যা?
ⓚ একটি স্বাভাবিক সংখ্যা ⓚ একটি পূর্ণ সংখ্যা
ⓖ একটি মূলদ সংখ্যা ⓖ একটি অমূলদ সংখ্যা

(ব্যাখ্যা) *পূর্ণবর্গ নয় এমন স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। $\sqrt{২}$ পূর্ণবর্গ নয়।*

*$\sqrt{২}$ একটি অমূলদ সংখ্যা।*

৪২. ১ মিটার কত ইঞ্চির সমান?
ⓚ ৩৯.৪৭ ⓚ ৩৭.৩৯
ⓖ ৩৯.৩৭ ⓖ ৩৭.৪৯

৪৩. $x+\frac{1}{x}=\sqrt{3}$ হলে, $x^3+\frac{1}{x^3}$ -এর মান —
ⓚ 2 ⓚ 4 ⓖ 0 ⓖ 6

(ব্যাখ্যা) $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=\left(\sqrt{3}\right)^3-3\sqrt{3}=3\sqrt{3}-3\sqrt{3}=0$

৪৪. ৩ দিনে একটি কাজের $\frac{১}{২৭}$ অংশ শেষ হলে ঐ কাজের ৩গুণ কাজ করতে কত দিন লাগবে?
ⓚ ৮১ দিন ⓚ ৯ দিন
ⓖ ২৪৩ দিন ⓖ ২৭ দিন

(ব্যাখ্যা) *$\frac{১}{২৭}$ অংশ কাজ শেষ হয় ৩ দিনে*

*১ অংশ কাজ শেষ হয় ৩ × ২৭ = ৮১ দিনে।*

*কাজটির ৩ গুণ কাজ শেষ হয় ৩ × ৮১ বা ২৪৩ দিনে।*

৪৫. $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$-এর গ.সা.গু. কত?
ⓚ $x-5$ ⓚ $x-6$
ⓖ $x^2+x+3$ ⓖ $x^2-x+3$

(ব্যাখ্যা) $x^2-11x+30$

$=x^2-6x-5x+30$

$=x(x-6)-5(x-6)$

$=(x-6)(x-5)$

আবার, $x^3-4x^2-2x-15$

$x=5$ বসালে রাশিটির মান শূন্য হয়।

$(x-5)$ এর একটি উৎপাদক

$=x^3-5x^2+x^2-5x+3x-15$

$=x^2(x-5)+x(x-5)+3(x-5)$

$=(x-5)(x^2+x+3)$

নির্ণেয় গ.সা.গু. $=(x-5)$

৪৬. $1+2+3+4+\dots\dots+99=$ কত?
ⓚ 4650 ⓚ 4750 ⓖ 4850 ⓖ 4950

(ব্যাখ্যা) *এখানে, মোট পদ $n=99$*

সমষ্টি $s=\frac{n(n+1)}{2}=\frac{99(99+1)}{2}=\frac{99\times100}{2}=4950$

৪৭. log2 + log4 + log8 + ..... ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?
ⓚ 45 log2 ⓚ 55 log2
ⓖ 65 log2 ⓖ 75 log2

(ব্যাখ্যা) $log2+log4+log8+\dots\dots$

$=log2+log2^2+log2^3+\dots\dots$

$=log2+2log2+3log2+\dots\dots$

$=(1+2+3+\dots\dots)\times log2$

$\therefore$ ১ম ১০টি পদের সমষ্টি $=\left\{\frac{10(10+1)}{2}\right\}\times log2=55\ log2$

উত্তর


| | |
|---|---|
| ৩৬ | গ |
| ৩৭ | ক |
| ৩৮ | গ |
| ৩৯ | খ |
| ৪০ | ক |
| ৪১ | ঘ |
| ৪২ | গ |
| ৪৩ | গ |
| ৪৪ | গ |
| ৪৫ | ক |
| ৪৬ | ঘ |
| ৪৭ | খ |

www.boighar.com

৪৮. একটি 48 মিটার লম্বা খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। খুঁটিটি কত উঁচুতে ভেঙে ছিল?

ⓐ 14 মিটার ⓑ 16 মিটার
ⓒ 18 মিটার ⓓ 20 মিটার

ব্যাখ্যা $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$



বা, $\sin 30° = \frac{x}{48-x}$

বা, $\frac{1}{2} = \frac{x}{48-x}$

বা, $2x + x = 48$

$\therefore x = 16$

৪৯. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত?

ⓐ 98 মিটার ⓑ 96 মিটার
ⓒ 94 মিটার ⓓ 92 মিটার

ব্যাখ্যা প্রস্থ $x$ হলে দৈর্ঘ্য $2x$

ক্ষেত্রফল $= 2x^2 = 512$

বা, $x^2 = 256$

বা, $x = 16$

পরিসীমা $= 2(16 + 32) = 96$

৫০. $Y = 3x + 2$, $Y = -3x + 2$ এবং $Y = -2$ দ্বারা গঠিত জ্যামিতিক চিত্রটি কোনটি?

ⓐ একটি সমকোণী ত্রিভুজ ⓑ একটি সমবাহু ত্রিভুজ
ⓒ একটি সমদ্বিবাহু ত্রিভুজ ⓓ একটি বিষমবাহু ত্রিভুজ

ব্যাখ্যা $Y = 3x + 2$ ............... (i)

$Y = -3x + 2$ ............(ii)

$Y = -2$ ...................(iii)

(i) ও (ii) নং সমীকরণের ঢাল (m) যথাক্রমে 3 ও –3, যাদের পরমমান সমান। সুতরাং এই রেখা দুটি সমান। কিন্তু (iii) নং রেখাটি (i) ও (ii) হতে ভিন্ন। অতএব জ্যামিতিক চিত্রটি একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

৫১. জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

ⓐ দিল্লি ⓑ কায়রো
ⓒ বেলগ্রেড ⓓ জাকার্তা

ব্যাখ্যা জোট নিরপেক্ষ দেশসমূহের সংগঠন NAM (Non Aligned Movement) বা জোট নিরপেক্ষ আন্দোলন গঠিত হয় ১৯৫৫ সালে ইন্দোনেশিয়ার বান্দুং-এ অনুষ্ঠিত সম্মেলনের মাধ্যমে। এ সংগঠনের প্রথম শীর্ষ সম্মেলন ১৯৬১ সালে তৎকালীন যুগোশ্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে অনুষ্ঠিত হয়। সর্বশেষ ১৭তম শীর্ষ সম্মেলন ভেনিজুয়েলার কারাকাসে অনুষ্ঠিত হয় ১৪-১৬ জুলাই ২০১৬। পরবর্তী ১৮তম শীর্ষ সম্মেলন আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত হবে ২০১৯ সালে।

৫২. পানামা খাল কোন কোন মহাসাগরকে যুক্ত করেছে?

ⓐ আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর
ⓑ আটলান্টিক ও ভূমধ্যসাগর
ⓒ ভারত ও প্রশান্ত মহাসাগর
ⓓ প্রশান্ত ও ভূমধ্যসাগর

ব্যাখ্যা ১৯১৪ সালে যুক্তরাষ্ট্র পানামা সরকারের সাথে এক চুক্তি বলে পানামার সংকীর্ণ স্থলভাগ কেটে প্রশান্ত মহাসাগর ও আটলান্টিক মহাসাগরকে সংযুক্ত করে যা 'পানামা খাল' নামে পরিচিত। এ খালের দৈর্ঘ্য ৮১ কিমি। চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্র ১৯৯৯ সালের ১৫ ডিসেম্বর এ খালের নিয়ন্ত্রণ পানামার কাছে হস্তান্তর করে।

৫৩. কে লৌহমানবী বলে পরিচিত?

ⓐ ইন্দিরা গান্ধী ⓑ বেগম খালেদা জিয়া
ⓒ আংসান সুকী ⓓ মার্গারেট থ্যাচার

ব্যাখ্যা মার্গারেট থ্যাচার কনজারভেটিভ পার্টি থেকে ১৯৭৯ থেকে ১৯৯০ পর্যন্ত একটানা তিন মেয়াদে ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন। তিনি ইউরোপের প্রথম নারী প্রধানমন্ত্রী এবং ব্রিটেনের সবচেয়ে দীর্ঘমেয়াদি প্রধানমন্ত্রী। পররাষ্ট্র ও অর্থনৈতিক নীতিতে তিনি অত্যন্ত কঠোর উন্নয়নমূলক নীতিমালা প্রয়োগ করেছিলেন, যা 'Thatcher Revolution' নামে খ্যাত। তার এরূপ গঠনমূলক কাজের জন্য বিশ্বে তিনি 'Iron Lady' বা 'লৌহমানবী' বলে পরিচিত। মার্গারেট থ্যাচার ৮ এপ্রিল ২০১৩ মারা যান।

৫৪. আবু গারিব বলতে কি বোঝায়?

ⓐ একজন বিখ্যাত দার্শনিক ⓑ একটি যাদুঘর
ⓒ একটি জেলখানা ⓓ একজন বৈজ্ঞানিক

ব্যাখ্যা আবু গারিব ইরাকের রাজধানী বাগদাদে অবস্থিত একটি কারাগার। মার্কিন বাহিনী ইরাকি যুদ্ধবন্দিদের এই কারাগারে বন্দি করে রাখে ও তাদের ওপর অমানবিক নির্যাতন চালায়।

৫৫. বিগত ৫০ বছরের সেরা ফুটবলার কে?

ⓐ পেলে ⓑ জিদান
ⓒ বেকেনবাওয়ার ⓓ ম্যারাডোনা

[Note বিশ্বের সর্বকালের সেরা ফুটবলার ব্রাজিলের পেলে। তবে ইউরোপের একটি স্পোর্টস ম্যাগাজিন আয়োজিত এক জরিপে ৫০ বছরের সেরা খেলোয়াড় হিসেবে ফ্রান্সের জিনেদিন জিদানকে স্বীকৃতি দেয়া হয়।]

৫৬. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

ⓐ নিউইয়র্ক ⓑ প্যারিস ⓒ রোম ⓓ জেনেভা

ব্যাখ্যা UNESCO-এর পূর্ণরূপ United Nations Educational, Scientific and Cultural Organization. এটি জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক অঙ্গ সংগঠন। এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত। অন্যদিকে, নিউইয়র্কে UN, UNDP, UNFPA ও UNICEF; রোমে FAO, IFAD ও WFP এবং জেনেভায় ILO, ITU, WHO, WMO, WIPO, WTO, UNHCR, UNCTAD ও রেডক্রসের সদর দপ্তর অবস্থিত।

উত্তর

| | |
|---|---|
| ৪৮ | খ |
| ৪৯ | খ |
| ৫০ | গ |
| ৫১ | গ |
| ৫২ | ক |
| ৫৩ | ঘ |
| ৫৪ | গ |
| ৫৫ | Note |
| ৫৬ | খ |

৫৭. রাষ্ট্রপ্রধান না হয়েও কোন ব্যক্তি রাষ্ট্রপ্রধানের মর্যাদা ভোগ করেন?
ক ইয়াসির আরাফাত খ কফি আনান
গ ওসামা বিন লাদেন ঘ অ্যারিয়েল শ্যারন

(ব্যাখ্যা) *ইয়াসির আরাফাত ষাটের দশকে ইসরাইলের দখল থেকে মাতৃভূমির আত্মনিয়ন্ত্রণের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সশস্ত্র গেরিলা সংগ্রাম শুরু করেন। বৃহত্তর গেরিলা আক্রমণ পরিচালনার জন্য ১৯৬৪ সালে কয়েকটি গেরিলা গ্রুপকে একত্রিত করে গঠন করেন পিএলও। ১৯৮০ সালে জাতিসংঘ পিএলও প্রধান ইয়াসির আরাফাতকে ভবিষ্যৎ ফিলিস্তিন রাষ্ট্রের প্রধান হিসেবে স্বীকৃতি প্রদান করে। তখন থেকে মৃত্যুর (১১ নভেম্বর ২০০৪) আগ পর্যন্ত ইয়াসির আরাফাত রাষ্ট্রপ্রধানের মর্যাদা ভোগ করেন।*

৫৮. 'ডিজ আর্মিং ইরাক' গ্রন্থটির রচয়িতা কে?
ক সালমান রুশদী খ কুলদীপ নায়ার
গ হ্যান্স ব্লিক্স ঘ হিলারি ক্লিনটন

(ব্যাখ্যা) *সুইডেনের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হ্যান্স ব্লিক্স ইরাকে তদন্ত কমিশন পরিচালনা এবং এতদসম্পর্কিত আন্তর্জাতিক সংগঠন ও পরাশক্তি রাষ্ট্রের কূটনৈতিক তৎপরতার অভিজ্ঞতার উপর ভিত্তি করে লিখেন 'ডিজ আর্মিং ইরাক' নামক বইটি। উল্লেখ্য, সালমান রুশদীর 'স্যাটানিক ভার্সেস' এবং হিলারী ক্লিনটনের 'লিভিং হিস্ট্রি' আলোচিত দুটি বই।*

৫৯. এ উপমহাদেশ থেকে এ যাবৎ কতজন নোবেল পুরস্কার পেয়েছেন?
ক চারজন খ পাঁচজন
গ ছয়জন ঘ সাতজন

[Note : *এ উপমহাদেশ থেকে এ পর্যন্ত ১১ জন ব্যক্তিত্ব নোবেল পুরস্কার পেয়েছেন। তারা হলেন– সাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুর (১৯১৩), পদার্থবিজ্ঞানে চন্দ্রশেখর ভেঙ্কটরমণ (১৯৩৯), চিকিৎসায় হরগোবিন্দ খোরানা (১৯৬৮), শান্তিতে মাদার তেরেসা (১৯৭৯), পদার্থবিজ্ঞানে আবদুস সালাম (১৯৭৯), পদার্থবিজ্ঞানে সুব্রামানিয়াম চন্দ্রশেখর (১৯৮৩), অর্থনীতিতে অমর্ত্য সেন (১৯৯৮) শান্তিতে ড. মুহাম্মদ ইউনূস (২০০৬), রসায়নে ভেঙ্কটরমণ রামকৃষ্ণ (২০০৯), শান্তিতে মালালা ইউসুফজাই ও কৈলাশ সত্যার্থী (২০১৪)।*

৬০. নেপালের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কি?
ক মি. কইরালা খ মি. থাপা
গ মি. রানা ঘ মি. দেউবা

[Note : *নেপালের বর্তমান প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি (১৫ ফেব্রুয়ারি ২০১৮-বর্তমান)। উল্লেখ্য, গিরিজা প্রসাদ কৈরালা গণতান্ত্রিকভাবে নির্বাচিত নেপালের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন।*]

৬১. ইরাকে কখন মার্কিন-ব্রিটিশ যৌথ সামরিক অভিযান শুরু হয়?
ক ২০০৩ সালের ১৮ মার্চ খ ২০০৩ সালের ২০ মার্চ
গ ২০০৩ সালের ২২ মার্চ ঘ ২০০৩ সালের ২৪ মার্চ

(ব্যাখ্যা) *ইরাকে ২০০৩ সালের ২০ মার্চ স্থানীয় সময় ভোর সাড়ে পাঁচটায় মার্কিন-ব্রিটিশ বাহিনী কর্তৃক যৌথ সামরিক অভিযান শুরু হয়।*

৬২. বর্তমানে জাতিসংঘের মহাসচিব কোন দেশের নাগরিক?
ক গিনি খ ঘানা
গ সেনেগাল ঘ মরক্কো

[Note : *১৩ অক্টোবর ২০১৬ জাতিসংঘের নবম মহাসচিব নির্বাচিত হন পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টনিও গুতেরেস। ৩১ ডিসেম্বর ২০১৬ অষ্টম মহাসচিব বান কি মুনের মেয়াদ পূর্ণ হলে ১ জানুয়ারি ২০১৭ জাতিসংঘের মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তিনি।*]

৬৩. বিশ্বের নতুনতম রাষ্ট্র কোনটি?
ক লাইবেরিয়া খ হংকং
গ পূর্ব তিমুর ঘ তাইওয়ান

[Note : *দীর্ঘ দিনের চলমান সংঘাত অবসানে ২০১১ সালের ১৫ জানুয়ারি অনুষ্ঠিত গণভোটের ভিত্তিতে দক্ষিণ সুদান ৯ জুলাই ২০১১ থেকে বিশ্বের নবীনতম (১৯৫তম) স্বাধীন দেশ হিসেবে যাত্রা শুরুর সুযোগ পায়।*]

৬৪. আরব লীগের প্রতিষ্ঠাতা সদস্য দেশ নয়?
ক সংযুক্ত আরব আমিরাত খ মিশর
গ লেবানন ঘ ইয়েমেন

(ব্যাখ্যা) *১৯৪৫ সালের ২২ মার্চ মিশরের রাজধানী কায়রোতে আরব লীগ আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা সদস্য ৭টি। এগুলো হচ্ছে– মিশর, সিরিয়া, লেবানন, ইরাক, জর্ডান, সৌদি আরব এবং ইয়েমেন। পরবর্তীতে ১৯৭১ সালে সংযুক্ত আরব আমিরাত আরব লীগের সদস্যপদ লাভ করে।*

৬৫. কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?
ক ব্রাজিল খ আর্জেন্টিনা
গ পেরু ঘ পানামা

[Note : *ভৌগোলিকভাবে ল্যাটিন আমেরিকা বলতে পুরো দক্ষিণ আমেরিকা থেকে উত্তর আমেরিকার মেক্সিকোর উত্তর সীমান্ত পর্যন্ত অঞ্চলকে বোঝায়। সে হিসেবে, প্রশ্নে উল্লিখিত চারটি দেশই ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত। এ অঞ্চলে মোট ২০টি স্বাধীন দেশ রয়েছে। দেশগুলো হলো— ইকুয়েডর, আর্জেন্টিনা, উরুগুয়ে, কিউবা, কোস্টারিকা, কলম্বিয়া, এল সালভেদর, গুয়াতেমালা, ডোমিনিকান রিপাবলিক, চিলি, নিকারাগুয়া, পানামা, প্যারাগুয়ে, পেরু, বলিভিয়া, ভেনিজুয়েলা, ব্রাজিল, মেক্সিকো, হন্ডুরাস ও হাইতি। বর্তমানে ক্যারিবিয়ান এলাকার জ্যামাইকা এবং ত্রিনিদাদ ও টোবাগোকেও ল্যাটিন দেশ হিসেবে বিবেচনা করা হয়।*]

৬৬. ইন্টারপোল সংস্থার সদর দপ্তর কোথায়?
ক প্যারিস খ লিঁও
গ ভার্সাই ঘ মাসাই

উত্তর

| | |
|---|---|
| ৫৭ | ক |
| ৫৮ | গ |
| ৫৯ | Note |
| ৬০ | Note |
| ৬১ | খ |
| ৬২ | Note |
| ৬৩ | Note |
| ৬৪ | ক |
| ৬৫ | Note |
| ৬৬ | খ |

www.boighar.com

(ব্যাখ্যা) ইন্টারপোল শব্দটির পূর্ণরূপ International Police Organization । অপরাধীদের সনাক্তকরণ এবং গ্রেপ্তার করতে বিশ্বের দেশগুলো পরস্পরকে সহযোগিতার লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছে এ আন্তর্জাতিক সংস্থা। ১৯২৩ সালে প্রতিষ্ঠিত এ সংস্থাটির সদর দপ্তর ফ্রান্সের লিও শহরে অবস্থিত।

**৬৭. মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেলঅস্ত্র ব্যবহার করা হয়েছিল?**

ক ১৯৭৩ সালে খ ১৯৮১ সালে
গ ১৯৯১ সালে ঘ ২০০৩ সালে

(ব্যাখ্যা) মধ্যপ্রাচ্যের তেলসমৃদ্ধ দেশগুলোর হঠাৎ করে একযোগে তেল রপ্তানি বন্ধ করাকে বলা হয় তেল অস্ত্র ব্যবহার। মধ্যপ্রাচ্যের দেশগুলো ১৯৭৩ সালে সর্বপ্রথম তেল অস্ত্র ব্যবহার করে।

**৬৮. 'বান্দুং' শহরটি কোন দেশে অবস্থিত?**

ক চীন খ ইন্দোনেশিয়া
গ যুগোস্লাভিয়া ঘ মালয়েশিয়া

(ব্যাখ্যা) 'বান্দুং' শহরটি ইন্দোনেশিয়ার জাভা বারাত প্রদেশের রাজধানী। ইন্দোনেশিয়ার এই বিখ্যাত শহরটি জোট নিরপেক্ষ আন্দোলনের সাথে জড়িত।

**৬৯. 'কার্টাগেনা' প্রটোকল হচ্ছে?**

ক জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি
খ ইরাক পুনর্গঠন চুক্তি
গ যুক্তরাষ্ট্র-মেক্সিকো বৈধ চুক্তি
ঘ শিশু অধিকার চুক্তি

(ব্যাখ্যা) জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক একটি চুক্তি কার্টাগেনা প্রটোকল। ১৯৯৯ সালের ফেব্রুয়ারিতে কলম্বিয়ার কার্টাগেনা শহরে জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তিটির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ২০০০ সালের ২৪ থেকে ২৯ জানুয়ারি চুক্তিটির খসড়া চূড়ান্ত করা হয় এবং ২৯ জানুয়ারিই চুক্তিটি স্বাক্ষরিত হয়।

**৭০. এ বছর তামাক নিয়ন্ত্রণে আন্তর্জাতিক জেনেভা সম্মেলনে সভাপতি কোন দেশের নাগরিক?**

ক বাংলাদেশ খ ভারত
গ পাকিস্তান ঘ সুইজারল্যান্ড

(ব্যাখ্যা) প্রশ্নে উল্লিখিত এ বছর বলতে ২০০৪ সালকে বোঝানো হয়েছে। ২০০৪ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৫৭তম সম্মেলনে সভাপতিত্ব করেন পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রী মোহাম্মদ নাসের খান। ২০০৩ সালে ৫৬তম সম্মেলনের সভাপতি ছিলেন বাংলাদেশের তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন।

***Choose the correct alternative and mark its letter on your answer sheet.***

**৭১. Stockings are — socks.**

ক long খ small
গ big ঘ short

(ব্যাখ্যা) Stockings অর্থ হাঁটু পর্যন্ত বা তার ওপর পর্যন্ত লম্বা মোজা। যেহেতু মোজা হাঁটুর ওপর পর্যন্ত বিস্তৃত বোঝাচ্ছে তাই এটি short বা small হওয়া বাঞ্ছনীয় নয়। আবার মোজার ক্ষেত্রে এখানে বড় হওয়ার চেয়ে লম্বার বিষয়টিই মুখ্য। তাই সঠিক উত্তর long অর্থাৎ 'ক'।

**৭২. Many students will now be starting to ...... about their exams result.**

ক worry খ reflect
গ inquire ঘ comment

(ব্যাখ্যা) ক. Worry – উদ্বিগ্ন হওয়া। খ. Reflect – প্রতিফলিত। গ. Inquire – খোঁজখবর নেয়া। ঘ. Comment – মন্তব্য করা। সাধারণত পরীক্ষার পর ফলাফল সম্পর্কে মন্তব্য করা বা খোঁজখবর নেয়ার চেয়ে উদ্বিগ্ন থাকাই স্বাভাবিক। সুতরাং সঠিক উত্তর 'ক'।

**৭৩. She told me his name after he —.**

ক left খ had left
গ has left ঘ has been leaving

(ব্যাখ্যা) কোনো sentence-এ After-এর পূর্ববর্তী Clauseটি Past Indifinite tense-এর হলে After-এর পরবর্তী Clauseটি Past Perfect tense-এ হবে।

**৭৪. Climate is a — of the environment.**

ক state খ situation
গ rank ঘ size

(ব্যাখ্যা) Climate অর্থ হলো জলবায়ু, যা একটি নির্দিষ্ট এলাকার কয়েক বছরের আবহাওয়ার গড় অবস্থাকে নির্দেশ করে। এখানে, ক. state – মানে অবস্থা। খ. situation – অবস্থা। তবে এটি গ্রাম, শহরের অবস্থান বুঝাতে ব্যবহৃত হয়। গ. rank – সারি বা ক্রম। ঘ. size – আকার। এখানে state দিয়ে জলবায়ুর অবস্থা বুঝায়। তাই সঠিক উত্তর 'ক'।

**৭৫. I finally killed the fly— a rolled up newspaper.**

ক by খ with
গ through ঘ from

(ব্যাখ্যা) কোনো কিছু দ্বারা হত্যা করা বুঝাতে kill-এর সাথে with preposition ব্যবহৃত হয়। সুতরাং a rolled up newspaper দ্বারা হত্যা করা বুঝাতে with-ই সঠিক।

**৭৬. We must look pleased or else he'll be —**

ক dissatisfied খ cross
গ happy ঘ delighted

(ব্যাখ্যা) এখানে, ক. dissatisfied – অসন্তুষ্ট। খ. cross – কাটাকাটি। গ. happy – সুখী। ঘ. delight – আনন্দ। বাক্যটি বোঝাচ্ছে যে, আমরা অবশ্যই আনন্দিত থাকব নতুবা সে– । এখানে 'নতুবা' শব্দটি 'আনন্দিত' এর বিপরীত কিছু বোঝাচ্ছে। এ জন্য (ক)-ই সঠিক।

**৭৭. The man died — over eating.**

ক by খ of
গ for ঘ from

(ব্যাখ্যা) Die by – কোনো আঘাতে মারা যাওয়া। Die of – রোগে মারা যাওয়া। Die for – আত্মত্যাগ করা। Die from – কোনো কারণে মারা যাওয়া। এখানে অতিভোজনের (Over eating) কারণে মারা যাওয়া বুঝাচ্ছে বলে die from হবে।

উত্তর

| | |
|---|---|
| ৬৭ | ক |
| ৬৮ | খ |
| ৬৯ | ক |
| ৭০ | গ |
| ৭১ | ক |
| ৭২ | ক |
| ৭৩ | খ |
| ৭৪ | ক |
| ৭৫ | খ |
| ৭৬ | ক |
| ৭৭ | ঘ |

৭৮. He advised me — smoking.

ⓚ giving up ⓛ to give up
ⓜ in giving up ⓝ from giving up

(ব্যাখ্যা) Advise verb-এর পরে object না থাকলে Infinitive না বসে verb-এর সাথে ing যুক্ত হয়। কিন্তু object থাকলে infinitive ব্যবহৃত হয়। এ নিয়মানুযায়ী যেহেতু advise-এর পর me আছে, তাই সঠিক উত্তর 'খ'।

৭৯. The expression 'after one's own heart' means—.

ⓚ To be in low spirit ⓛ With complete devotion
ⓜ To one's own liking ⓝ To be in high spirit

(ব্যাখ্যা) After one's own heart অর্থাৎ কারো সর্বোত্তম পছন্দের অনুরূপ কিছু (of exactly the type one likes best)। এ অর্থে সঠিক উত্তর 'গ'।

৮০. The day of my sister's marriage is drawing near The underlined word is a/an

ⓚ adjective ⓛ verb
ⓜ preposition ⓝ adverb

(ব্যাখ্যা) Near এখানে adverb। কারণ এটি drawing verb কে modify করেছে। সাধারণত Noun, Pronoun বা Interjection ছাড়া অন্য যে কোনো word কে modify করলেই তা adverb। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।

৮১. Which of the following sentences is the correct one?

ⓚ My father was in hospital during six weeks in summer
ⓛ In summer during six weeks my father was in hospital
ⓜ My father was in a hospital during six weeks in summer
ⓝ My father was in hospital for six weeks during the summer

(ব্যাখ্যা) বাক্যের অর্থ অনুসারে সঠিক উত্তর 'ঘ'। কারণ এখানে period of time বুঝাতে for six weeks এবং গ্রীষ্মকালে বুঝাতে during শব্দটি ব্যবহার করা হয়েছে।

৮২. He intends to — in the country for two months.

ⓚ live ⓛ stay ⓜ stop ⓝ halt

(ব্যাখ্যা) এখানে, live–বসবাস করা (Reside) যা অনেকটা স্থায়ী জীবন যাপনকে বুঝায়। stay– অবস্থান করা, বিশেষত স্বল্প সময়ের জন্য। stop – থামা বা থামানো। halt– থামানো। বাক্যের ধরন অনুযায়ী 'গ' এবং 'ঘ' হওয়ার কোনো সম্ভাবনা নেই। 'ক' এবং 'খ' এর মধ্যে 'খ' অধিকতর সঠিক। কারণ ২ মাস অবস্থান করা (stay) বুঝায়, বসবাস করা (live) বসালে অর্থবোধক হয় না। সুতরাং সঠিক উত্তর 'খ'।

৮৩. What are you so angry—?

ⓚ about ⓛ at ⓜ with ⓝ for

(ব্যাখ্যা) কোনো ব্যক্তির (somebody) ওপর রাগান্বিত হলে angry-এর সাথে with/at বসে। কিন্তু কোনো কিছু নিয়ে রাগান্বিত হলে angry-এর সাথে about বসে। সুতরাং সঠিক উত্তর 'ক'।

৮৪. The parents became extremely—when their son had not returned by eleven o'clock.

ⓚ angry ⓛ annoyed ⓜ disturbed ⓝ anxious

(ব্যাখ্যা) এখানে, ক. angry– রাগান্বিত। খ. annoy – বিরক্ত করা। গ. disturb – বিরক্ত করা। ঘ. anxious – উদ্বিগ্ন। ১১টার মধ্যে সন্তান ঘরে না ফিরলে মা-বাবার উদ্বিগ্ন হবারই কথা। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।

৮৫. 'I — remember the holiday I spent in your home', she said.

ⓚ ever ⓛ hardly ⓜ usually ⓝ always

(ব্যাখ্যা) এখানে, sentenceটি positive অর্থে ব্যবহার করা হয়েছে। যেমন—তোমার বাড়িতে কাটানোর স্মৃতি আমার সবসময় মনে পড়ে। ever এবং hardly সাধারণত negative অর্থে ব্যবহৃত হয়। তাছাড়া usually এখানে অপ্রাসঙ্গিক। সুতরাং সঠিক উত্তর 'ঘ'।

৮৬. He knew it was a very—operation but he was detemined to carry it out.

ⓚ difficult ⓛ dangerous
ⓜ risky ⓝ troublesome

(ব্যাখ্যা) এখানে, ক. difficult – কঠিন। খ. dangerous – বিপজ্জনক। গ. risky – ঝুঁকিপূর্ণ। ঘ. troublesome– কঠিন। যেহেতু operation কঠিন বা বিপজ্জনক অর্থ প্রকাশ করে না। কিন্তু operation ঝুঁকিপূর্ণ হয়। তাই সঠিক উত্তর 'গ'।

৮৭. Misanthropist means—

ⓚ One who flirts with ladies
ⓛ A person of narrow views
ⓜ A hater of mankind
ⓝ One who believe that God is in everything

(ব্যাখ্যা) Misanthropist অর্থ হলো যে মানব জাতিকে ঘৃণা করে। সুতরাং সঠিক উত্তর 'গ'।

৮৮. First language means the — language.

ⓚ important ⓛ main
ⓜ natural ⓝ officaial

(ব্যাখ্যা) এখানে, First Language বলতে মানব শিশু জন্মের পর যে ভাষা তার পরিবেশ ও পারিপার্শ্বিকতা থেকে শিখে তা-ই বুঝায়। সুতরাং এই অর্থে সঠিক উত্তর 'গ'।

৮৯. Shaheen would never have taken the job if — what great demand it would make on his time.

ⓚ he knew ⓛ he had been knowing
ⓜ he had known ⓝ he was knowing

(ব্যাখ্যা) Principal clause যদি perfect conditional (would have, could have, might have)-এর হয় তাহলে If যুক্ত conditional sentence-এর If যুক্ত clauseটি past perfect tense-এর হবে। এখানে 'ক' হলো past indefinite, 'খ' হলো past perfect continious, 'গ' হলো past perfect এবং 'ঘ' হলো past continuous tense। সুতরাং সঠিক উত্তর 'গ'।

উত্তর

| | |
|---|---|
| ৭৮ | খ |
| ৭৯ | গ |
| ৮০ | ঘ |
| ৮১ | ঘ |
| ৮২ | খ |
| ৮৩ | ক |
| ৮৪ | ঘ |
| ৮৫ | ঘ |
| ৮৬ | গ |
| ৮৭ | গ |
| ৮৮ | গ |
| ৮৯ | গ |



VisionApps10

৯০. She has — her hair a beautiful shade of brown.
ক colored   খ given
গ dried   ঘ dyed

ব্যাখ্যা এখানে, ক. colored – রঙিন। খ. given – দেওয়া। গ. dried – শুকনো। ঘ. dyed – রঙ করা। সুতরাং চুলে রঙ করা অর্থে সঠিক উত্তর 'ঘ'।

৯১. X + Y = 6 এবং XY = 8 হলে $(X - Y)^2$ -এর মান কত?
ক 4   খ 6
গ 8   ঘ 12

ব্যাখ্যা $(X - Y)^2 = (X + Y)^2 - 4XY = 6^2 - 4 \times 8 = 36 - 32 = 4$

৯২. ৬% হারে নয় মাসে ১০,০০০/- টাকার উপর সুদ কত হবে?
ক ৫০০ টাকা   খ ৬০০ টাকা
গ ৪৫০ টাকা   ঘ ৬৫০ টাকা

ব্যাখ্যা ১০০ টাকায় ১২ মাসের সুদ = ৬ টাকা

১০০ টাকায় ১ মাসের সুদ = $\frac{৬}{১২}$

১০০ টাকায় ৯ মাসের সুদ = $\frac{৬ \times ৯}{১২} = \frac{৯}{২}$ টাকা

১ " ৯ = $\frac{৯}{২ \times ১০০}$

∴ ১০০০০ " ৯ = $\frac{৯ \times ১০০০০}{২ \times ১০০}$

= ৪৫০ টাকা

৯৩. যদি ১৫টি পোশাকের মধ্যে শতকরা ৪০ ভাগ পোশাক শার্ট হয় তবে ১৫টি পোশাকের মধ্যে কতটি শার্ট নয়?
ক ৬   খ ৯   গ ১২   ঘ ১০

ব্যাখ্যা ১০০টি পোশাকের মধ্যে শার্ট = ৪০টি

১টি = $\frac{৪০}{১০০}$

১৫টি = $\frac{৪০ \times ১৫}{১০০}$ = ৬টি

১৫টি পোশাকের মধ্যে শার্ট নয় (১৫ – ৬)টি = ৯টি।

৯৪. প্রেসার কুকারে পানির স্ফুটনাঙ্ক—
ক কম হয়   খ বেশি হয়
গ ঠিক থাকে   ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা বায়ুর চাপ যতো বৃদ্ধি পায় পানি বা তরলের স্ফুটনাঙ্ক ততো বৃদ্ধি পায়। প্রেসার কুকারে বাষ্পের বহির্গমন নিয়ন্ত্রণ করার মাধ্যমে অভ্যন্তরীণ চাপ বৃদ্ধির ফলে পানির স্ফুটনাঙ্ক বৃদ্ধি পেয়ে ১০৩° সে. পর্যন্ত পৌঁছে। এ কারণে প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হয়।

৯৫. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ক ০° সেন্টিগ্রেড   খ ১০° সেন্টিগ্রেড
গ ৪° সেন্টিগ্রেড   ঘ ১০০° সেন্ট্রিগ্রেড

ব্যাখ্যা সাধারণত কোনো বস্তুর তাপমাত্রা হ্রাস করলে এর ঘনত্ব বৃদ্ধি পায়। পানির একমাত্র ব্যতিক্রমী প্রসারণ হচ্ছে পানির তাপমাত্রা কমিয়ে ৪° সেন্টিগ্রেডে আনলে এর ঘনত্ব সবচেয়ে বেশি হয় এবং ৪° থেকে তাপমাত্রা কমিয়ে আনলে এর ঘনত্ব কমতে থাকে। পানির এ ধর্মের জন্যই বরফ পানিতে ভাসে।

৯৬. CNG-এর অর্থ—
ক কার্বনমুক্ত নতুন পরিবেশ-বান্ধব তেল
খ নতুন ধরনের ট্যাক্সি ক্যাব
গ সীসামুক্ত পেট্রোল
ঘ কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস

ব্যাখ্যা CNG-এর পূর্ণরূপ হচ্ছে Compressed Natural Gas। উচ্চ চাপে প্রাকৃতিক গ্যাসকে তরলে রূপান্তরিত করে যানবাহনের জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়। এ ধরনের জ্বালানি থেকে অব্যবহৃত কার্বন কম নির্গত হয় বলে এটি পরিবেশবান্ধব।

৯৭. নারভাস সিস্টেমের স্ট্রাকচারাল এবং ফাংশনাল ইউনিটকে কি বলে?
ক নেফ্রোন   খ নিউরন
গ থাইমাস   ঘ মাস্ট সেল

ব্যাখ্যা প্রতিটি কিডনি অনেকগুলো ক্ষুদ্র কার্যকরী এককের সমন্বয়ে গঠিত, যা নেফ্রোন নামে পরিচিত। নিউরন হলো স্নায়ুতন্ত্রের কার্যকরী উপাদান, যা দিয়ে নার্ভ বা স্নায়ু গঠিত।

৯৮. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?
ক শূন্যতায়   খ লোহা   গ পানি   ঘ বাতাস

ব্যাখ্যা মাধ্যম ছাড়া শব্দ চলাচল করতে পারে না বিধায় শূন্য মাধ্যমে শব্দ গতিহীন। মাধ্যমের ঘনত্বের ওপর শব্দের গতি নির্ভরশীল। অর্থাৎ মাধ্যম যতো ঘন হবে শব্দের গতি ততো বেশি হবে। তাই লোহার ঘনত্ব বেশি হওয়ায় পানি বা বাতাসের চেয়ে লোহায় শব্দের গতি বেশি হবে। স্বাভাবিক অবস্থায় বাতাসে শব্দের গতি ৩৩২ মি/সে, পানিতে ১৪৫০ মি/সে এবং লোহায় ৫২২১ মি/সে।

৯৯. সুন্দরবনের আয়তন প্রায় কত বর্গ কিলোমিটার?
ক ৩৮০০   খ ৪১০০   গ ৫৫৭৫   ঘ ৬৯০০

[Note : বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বনভূমি হলো সুন্দরবন। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের এলাকা মিলিয়ে এর আয়তন ১০ হাজার বর্গকিলোমিটার। তবে বাংলাদেশ অংশের আয়তন ৬০১৭ বর্গ কিলোমিটার (তথ্য : বন অধিদপ্তর)। উল্লেখ্য, ইউনেস্কোর বিশ্বসম্পদ ও ঐতিহ্য কমিটি ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর সুন্দরবনকে ৭৯৮তম 'বিশ্ব ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে।]

১০০. রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?
ক অক্সিজেন পরিবহন করা
খ রোগ প্রতিরোধ করা
গ রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
ঘ উল্লিখিত সব কয়টিই

ব্যাখ্যা রক্তে হিমোগ্লোবিনের কাজ অক্সিজেন পরিবহন করে প্রতিটি কোষে পৌঁছে দেয়া এবং কোষ থেকে কার্বন ডাই-অক্সাইড পরিবহন করে ফুসফুসে নিয়ে আসা। রোগ প্রতিরোধের কাজে নিয়োজিত আছে শ্বেত কণিকা এবং রক্ত জমাট বাঁধতে সাহায্য করে অণুচক্রিকা।

উত্তর

| | |
|---|---|
| ৯০ | ঘ |
| ৯১ | ক |
| ৯২ | গ |
| ৯৩ | খ |
| ৯৪ | খ |
| ৯৫ | গ |
| ৯৬ | ঘ |
| ৯৭ | খ |
| ৯৮ | খ |
| ৯৯ | Note |
| ১০০ | ক |